**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 10-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM, Namibia :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নামিবিয়া সংসদে ভাষণ দিতে গিয়ে আফ্রিকার এই দেশটিতে একজন মহিলাকে রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত করার বিষয়টির প্রশংসা করেন | ভারতেও মহিলা রাষ্ট্রপতি নির্বাচনের প্রসঙ্গ তুলে দু`দেশে গনতান্ত্রিক মূল্যবোধ শক্তিশালী করার ক্ষেত্রে ভারত ও নামিবিয়ার এই রূপান্তরনের বিষয় তুলে ধরেন প্রধানমন্ত্রী | এদিকে, গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে নামিবিয়ায় উদ্যোক্তা উন্নয়ন কেন্দ্র স্থাপনের জন্য দু`দেশের মধ্যে একটি সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে | উভয় দেশ স্বাস্থ্য ও চিকিৎসা ক্ষেত্রে সহযোগিতার জন্যও একটি সমঝোতাপত্রও স্বাক্ষর করেছে। নামিবিয়ার রাজধানী উইন্ডহোকের স্টেট হাউসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নামিবিয়ার রাষ্ট্রপতি নেতুম্বো নন্দী-নদাইতওয়াহর মধ্যে প্রতিনিধি পর্যায়ের আলোচনার পর এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। প্রধানমন্ত্রী মোদী উইন্ডহোকের জাতীয় স্মৃতিসৌধ হিরোস একরে নামিবিয়ান জাতির প্রতিষ্ঠাতা স্যাম নুজোমার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নামিবিয়ার সর্বোচ্চ অসামরিক পুরস্কারও প্রদান করা হয়।

*********************

## Global terror watchdog, FATF :

বিশ্বব্যাপী সন্ত্রাসবাদী হামলার জন্য উপকরণ সংগ্রহের ক্ষেত্রে ই-কমার্স প্ল্যাটফর্ম ব্যবহার করা হয়েছে বলে জানিয়েছে আন্তর্জাতিক সন্ত্রাসবাদের তহবিল পর্যবেক্ষণ সংস্থা, ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স -এফ এ টি এফ জম্মু ও কাশ্মীরের পুলওয়ামা এবং উত্তর প্রদেশের গোরক্ষনাথ মন্দিরে সন্ত্রাসবাদী হামলার ঘটনার পরিপ্রেক্ষিতে এই তথ্য উঠে এসেছে। এই বিষয়ে বিস্তারিত তথ্য সমৃদ্ধ প্রতিবেদনেএফ এ টি এফ জানিয়েছে যে সন্ত্রাসবাদী তহবিলের জন্য সোশ্যাল মিডিয়া, মেসেজিং অ্যাপ্লিকেশন এবং ক্রাউডফান্ডিং সাইটের মতো ডিজিটাল প্ল্যাটফর্মগুলির ক্রমবর্ধমান অপব্যবহার লক্ষ্য করা যাচ্ছে।

উল্লেখ্য, ২০১৯ সালে পুলওয়ামা হামলায়, ভারতীয় নিরাপত্তা বাহিনীর একটি কনভয়কে লক্ষ্য করে আত্মঘাতী বোমা হামলা চালানো হয়, যার ফলে চল্লিশ জন সেনা জওয়ান নিহত হন। ভারতীয় কর্তৃপক্ষ এই সিদ্ধান্তে পৌঁছেছে যে এই হামলা জৈশ-ই-মোহাম্মদই চালিয়েছিল।

এই বছরের জুন মাসে, ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স পহেলগাম সন্ত্রাসী হামলার নিন্দা জানিয়ে বলেছিল যে আর্থিক সহায়তা ছাড়া এই হামলা সম্ভব ছিল না।

***********************

## Buyer-Seller Meet :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার জৈব ও প্রাকৃতিক চাষের উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে। শরীরকে সুস্থ সবল রাখার ক্ষেত্রে এই ধরনের উৎপাদিত জৈব পণ্যের গুরুত্ব দিন দিন বাড়ছে। প্রধানমন্ত্রীও সেই লক্ষ্যেই জৈব ও প্রাকৃতিক চাষের উপর গুরুত্ব আরোপ করে তার উৎপাদন ও বাজারজাতকরণের উপর সবচেয়ে বেশি জোর দিয়েছেন। রাজ্য সরকারও সেই দিশাতেই কাজ করছে। গতকাল আগরতলায় ত্রিপুরা স্টেট অর্গানিক ফার্মিং ডেভেলপমেন্ট এজেন্সি আয়োজিত প্রথমবারের মতো রাজ্যস্তরের অর্গানিক ক্রেতা-বিক্রেতা সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন।

*******************

**Forest Minister :**

ত্রিপুরা-মিজোরাম সীমান্তের দামছড়ায় গতকাল এক অনুষ্ঠানে ইন্দো-জার্মান ক্রেফলেট প্রকল্পে ২৬0 জন জনজাতি সুবিধাভোগীকে রিগনাই তৈরির সূতা প্রদান করা হয়। এছাড়া ১৩টি ভিলেজ কমিটির ১৩টি টিমকে দেয়া হয় ফুটবল সামগ্রী। উত্তর জেলার দামছড়া কমিউনিটি হলে আয়োজিত অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, এ ডি সি-র কার্যনির্বাহী সদস্য ভবরঞ্জন রিয়াং, প্রধান মুখ্য বন সংরক্ষক আর. কে. সামল প্রমুখ আধিকারিকরা সুবিধাভোগীদের হাতে এই সামগ্রী তুলে দেন। অনুষ্ঠানে দুইটি স্ব-সহায়ক দলকে ৫0 হাজার টাকা করে চেকও প্রদান করা হয়।

**********************

**Guru Purnima :**

আজ গুরু পূর্ণিমা। ভারতীয় ঐতিহ্য অনুযায়ী গুরু পরম্পরার প্রতি শ্রদ্ধা নিবেদনের তিথি। রাজ্যেও এই তিথি উদযাপনে নানা আয়োজন করা হয়। আগরতলার রামকৃষ্ণ মিশন, জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দিরসহ প্রায় সব মন্দির ও বিভিন্ন আশ্রমে দিনটি উদযাপনে গুরু পূজার্চনার আয়োজন করা হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোগেও দিনটি উদযাপন করা হবে।

*********************

**State Level Mock Drill :**

রাজ্যভিত্তিক প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার মহড়া গতকাল রাজ্যের বিভিন্ন স্থানে অনুষ্ঠিত হয়েছে। পশ্চিম জেলার জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার জানান, পশ্চিম জেলার ১৩টি স্থানে সকাল সাড়ে সাতটা থেকে মহড়া অনুষ্ঠিত হয়। বন্যা মোকাবিলা এবং ভূমি ধ্বস হলে কি কি করতে হবে তার মহড়া হয়েছে। তাছাড়া ত্রান শিবিরও খোলা হয়েছিল|

এদিকে, পশ্চিম জেলার সাথে উনকোটি, গোমতি, উত্তর জেলা ও সিপাহিজলা জেলাতেও প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার মহড়া অনুষ্ঠিত হয় |

********************

**Weather :**

নিম্নচাপের প্রভাবে রাজ্যের বিভিন্ন স্থানে বজ্রবিদ্যুৎ-সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর | সিপাহীজলা, গোমতি ও দক্ষিণ জেলায় অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| রাজ্যে আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাত হয়েছে ৫১ মিলিমিটার | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস-এর কাছাকাছি থাকতে পারে।

********************

********************